

## উপজেলা পরিক্রমা

### টঙ্গীবাড়ী

মুন্সীগঞ্জ, ৩ মে (সংবাদদাতা)।—  
টঙ্গীবাড়ী মুন্সীগঞ্জ জেলার একটি  
উপজেলা। ৪৯ বর্গ মাইল আয়তন বিশিষ্ট  
১২টি ইউনিয়ন নিয়ে গঠিত এ  
উপজেলা। উপজেলার জনসংখ্যা ১ লাখ  
৬৯ হাজার ৮শ' ৯৫ জন। এর মধ্যে ৮৭  
হাজার ৪শ' ৫৭ জন পুরুষ এবং ৮২  
হাজার ৪শ' ৩৮ জন মহিলা।

#### কৃষি

উপজেলার অধিকাংশ লোকই কৃষিজীবী।  
এলাকার প্রায় ৫০% লোক ভূমিহীন। এরা  
অন্যের জমি চাষ করে ও ব্যবসা করে  
জীবিকা নির্বাহ করে। এখানে মোট ৩১  
হাজার ৩শ' ৬০ একর জমির মধ্যে  
আবাদী জমি ২২ হাজার ৬শ' ৯৫ একর।  
এর মধ্যে এক ফসলী ৬ হাজার ৫শ' ৬৫  
একর, দু'ফসলী ১৪ হাজার ২শ' ৪৫  
একর, তিন ফসলী ১ হাজার ৮শ' ৭৫  
একর। উৎপাদিত প্রধান ফসল আলু,  
ধান, পাট, ইক্ষু।

#### শিক্ষা

টঙ্গীবাড়ী উপজেলার শিক্ষার হার অত্যন্ত  
কম। জনসংখ্যার তুলনায় শিক্ষা

প্রতিষ্ঠানের অভাব রয়েছে। এখানে ১টি  
কলেজ, ১১টি উচ্চ বিদ্যালয়, ১টি উচ্চ  
বালিকা বিদ্যালয়, ৭৫টি সরকারী এবং  
৩টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয়, ৮৫টি  
মাদ্রাসা রয়েছে।

#### যোগাযোগ

যোগাযোগের মাধ্যম হলো সড়ক জেলা  
সদরের সাথে যোগাযোগের ব্যবস্থা  
রয়েছে সড়ক ও নৌপথে। উপজেলা  
সদরের সাথে রাজধানীর সড়ক  
যোগাযোগ হলেও রাস্তাটি বর্তমানে  
যাত্রীবাহী মিনিবাস চলাচলের অনুপযোগী  
হয়ে পড়েছে।

উপজেলায় মাত্র ১টি হাসপাতাল এবং  
১০টি স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র  
রয়েছে। হাসপাতালে কোন এম্বুলেন্স  
নেই।

#### অন্যান্য

উপজেলায় ১৬টি হাট-বাজার রয়েছে।  
পানীয় জলের জন্য উপজেলায় ১৫  
হাজার ৫শ' ২৫টি নলকূপ আছে। ১টি  
পশু চিকিৎসালয়, ২৪টি ভূমিহীন সমবায়  
সমিতি, ৩টি গণমিলনায়তন আছে।